যুগান্তর

তারিখ ... 12 MAR 2016 ......
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ......

রাজধানীর আবর্জনা পরিষ্কার

# শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে নেমেছেন ঢাকার দুই মেয়র

**যুগান্তর রিপোর্ট**

বেসরকারি বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে রাজধানীর সড়কের আবর্জনা পরিষ্কার করলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের দুই যুগ উদযাপন উপলক্ষে শুক্রবার সকালে জাতীয় সংসদ ভবন সংলগ্ন মানিক মিয়া এভিনিউতে ঢাকার দুই মেয়রকে সঙ্গে নিয়ে আবর্জনা পরিষ্কার করেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সকাল সোয়া ৯টা থেকে ১৫ মিনিট আবর্জনা পরিষ্কার করেন শিক্ষক-শিক্ষার্থী ও ঢাকার দুই মেয়র।

ঢাকার দুই মেয়রের পরিচ্ছন্ন, সবুজ ও পরিবেশবান্ধব ঢাকা গড়ার কর্মসূচির সঙ্গে সংহতি জানাতেই ভিন্নধর্মী এ আয়োজন করে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কর্মসূচির শুরুতে ডিএনসিসি মেয়র আনিসুল হক পরিচ্ছন্ন ঢাকা গড়তে প্রত্যেককে দৈনিক এক মিনিট করে চিন্তা করার আহ্বান জানান। তিনি বলেন, প্রত্যেক নাগরিক ও শিক্ষার্থী দিনের মধ্যে এক মিনিটের জন্য চিন্তা করুক যে, 'আমরা সামনের জায়গাটুকু পরিষ্কার রাখব।' ডিএনসিসি মেয়র বলেন, পরিচ্ছন্ন ঢাকা গড়তে শিগগিরই ঢাকা শহরের প্রতিটি ওয়ার্ডে ১০০টি করে ডাস্টবিন বসানো হবে। বাদামের খোসা, কলার খোসা যেন ডাস্টবিনের বাইরে না ফেলে, তা স্মরণ রাখতে হবে। এ সময় ডিএনসিসি মেয়র পরিচ্ছন্ন ও বাসযোগ্য শহর গড়তে নগরবাসীর সহযোগিতা চাইলেন।

ডিএসসিসি মেয়র মোহাম্মদ সাঈদ খোকন বলেন, রাজধানী ঢাকাকে বাসযোগ্য করে গড়ে তুলতে সবাই মিলে কাজ করতে হবে। তা না হলে ঢাকা শহরে সত্যিকারের বাসযোগ্য শহরে রূপান্তরিত করা সম্ভব হবে না। তিনি আরও বলেন, ঢাকা শহরের বাসিন্দাদের বেশির ভাগ মানুষই বাসার চেয়ে বাইরে বেশি সময় থাকে। এজন্য নগরবাসীর প্রতি আমি অনুরোধ জানাবো নিজের বাসাবাড়ির মতো রাজধানী শহরকেও ভালোবাসতে।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে ১৯৯২ সালে ১৩৭ জন শিক্ষার্থী নিয়ে যাত্রা শুরু করে। বর্তমানে এ বিশ্ববিদ্যালয় চারটি অনুষদের ১৬টি বিভাগে ২২ হাজার শিক্ষার্থী অধ্যয়ন করছে। রয়েছে ৭০০ শিক্ষক। এছাড়া নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এমএ কাসেম, ভিসি অধ্যাপক আতিকুল ইসলামসহ ট্রাস্টি বোর্ডের অন্য সদস্যরা উপস্থিত ছিলেন।